সংবাদ

CC 035

তারিখ ... 10.5.86 ...
পৃষ্ঠা ... 3 কলাম 3 ...



## বিশ্ববিদ্যালয় ছাত্রের মৃত্যু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রোনিক্স বিভাগের শেষবর্ষের ছাত্র আলমগীর দুলাল গত মঙ্গলবার ভোরে অকালে মৃত্যুবরণ করেছেন। তার বাড়ী লক্ষীপুর (নোয়াখালী) জেলার রামগতি উপজেলার চর আলেকজাণ্ডার গ্রামে। তার বাবার নাম জনাব আনোয়ার আহমদ।

কৃতী ছাত্র দুলাল বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের ৩১৪ নম্বর রুমে থাকতেন। অনার্স পরীক্ষায় তিনি প্রথম শ্রেণীতে ৪র্থ স্থান অধিকার করেন। অনেক দিন থেকেই তিনি হৃদরোগে ভুগছিলেন। তার বন্ধুরা জানিয়েছেন, প্রায় ৩ বছর আগে একটি জাপানী বিশেষজ্ঞ দলের উপস্থিতিতে সোহরাওয়ার্দী হাসপাতালে তার উপর বাংলাদেশে প্রথমবারের মত ওপেন হার্ট সার্জারী করা হয়। তারপর থেকেই এ যাবৎ মাঝে মাঝে হৃৎপিণ্ডে তিনি ব্যথা অনুভব করতেন। ঐদিন ভোরে ঘুম থেকে উঠে বাথরুমে হাতমুখ ধোবার সময় হঠাৎ করে তিনি পড়ে যান, তাড়াতাড়ি করে এম্বুলেন্স ডেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পর সেখানে ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন।

সকাল ৯টার দিকে শহীদুল্লাহ হল প্রাঙ্গণে তার জানাজা পড়া হয়। জানাজায় উপাচার্য, হল প্রভোষ্ট, বিভাগীয় শিক্ষকবৃন্দ, হল সংসদের কর্মকর্তা এবং সাধারণ ছাত্ররা অংশ নেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তত্ত্বাবধানে দুপুরে তার লাশ বাড়ী পাঠিয়ে দেয়া হয়।